রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৩১-আইন/২০২২।**—বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৬ নং আইন) এর ধারা ২৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৬ নং আইন);

(খ) "কমিটি" অর্থ আইনের ধারা ১৫ এর অধীন গঠিত কোনো কমিটি;

(গ) "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ (Technical and Vocational Education and Training)" অর্থ আইনের ধারা ২ এর দফা (১) এ বর্ণিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ;

(ঘ) "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ বোর্ড কর্তৃক স্বীকৃত কোনো কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান;



মূল্য : টাকা ১২.০০

(ঙ) "চেয়ারম্যান" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান;

(চ) "পরিচালনা পর্ষদ" অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত বোর্ডের পরিচালনা পর্ষদ;

(ছ) "বোর্ড" অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;

(জ) "ম্যানুয়াল" অর্থ বোর্ড কর্তৃক প্রণীত গুণগতমান নিশ্চয়তা পদ্ধতি ম্যানুয়াল (Quality Assurance System Manual);

(ঝ) "শিল্প দক্ষতা পরিষদ" অর্থ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোনো এক বা একাধিক শিল্প সেক্টর বা উহার আওতাধীন উপ-সেক্টরের প্রতিনিধিত্বশীল সংস্থাসমূহের সমন্বয়ে গঠিত এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধিত শিল্প দক্ষতা পরিষদ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পরিচালনা পর্ষদের সদস্যগণের যোগ্যতা, ইত্যাদি।**—(১) বোর্ড, যথাশীঘ্র সম্ভব, পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে মনোনীত সকল সদস্যের নাম প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিবে।

(২) কোনো মনোনীত সদস্যের সদস্যপদের মেয়াদ প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত বহাল থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্যের মেয়াদ শেষ হইবার পূর্বে তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(৩) কোনো মনোনীত সদস্যের সদস্যপদের মেয়াদ উত্তীর্ণ হইবার পর তিনি উক্ত পদে বহাল থাকিবেন না।

(৪) কোনো মনোনীত সদস্য যে কোনো সময় চেয়ারম্যানকে উদ্দেশ্য করিয়া স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে সদস্যপদ ত্যাগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত তাহার পদত্যাগপত্র গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে না।

(৫) কোনো ব্যক্তি পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে মনোনীত হইবেন না, যদি তিনি—

(ক) উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ হিসাবে ঘোষিত হন;

(খ) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া হিসাবে ঘোষিত হইবার পর দেউলিয়াত্ব হইতে মুক্ত না হন;

(গ) ফৌজদারি অপরাধে উপযুক্ত আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হন এবং যদি না উক্ত অপরাধ হইতে উচ্চতর আদালত কর্তৃক নির্দোষ প্রমাণিত হন অথবা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমাপ্রাপ্ত হন অথবা দণ্ড ভোগের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না করেন।

(৬) পরিচালনা পর্ষদের কোনো মনোনীত সদস্য তাহার মনোনয়নের পর উপ-বিধি (৫) এ উল্লিখিত যে কোনো অযোগ্যতার অন্তর্ভুক্ত হইলে, উক্ত অযোগ্যতার বিষয়টি গোচরীভূত হইবার সঙ্গে সঙ্গে তাহার সদস্যপদের অবসান ঘটিবে।

(৭) পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনোভাবে বোর্ডের মনোনীত কোনো সদস্যের পদ শূন্য হইলে, তাহার শূন্য পদে ১ (এক) জন নূতন সদস্য মনোনীত হইবেন এবং উক্ত মনোনীত সদস্য প্রতিস্থাপিত সদস্যের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৮) কোনো মনোনীত সদস্যের মেয়াদ ৩ (তিন) বৎসর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও, শূন্য পদে সদস্য মনোনীত না হওয়া পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকিবেন।

৪। **কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কোর্সের পাঠক্রম ও কারিকুলাম প্রস্তুত, ইত্যাদি।**—(১) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ সংগঠিত, পরিচালনা, পরিদর্শন, পরিবীক্ষণ, তদারকি, নিয়ন্ত্রণ, সক্ষমতা যাচাই ও সনদায়নের দায়িত্ব ও ক্ষমতা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

(২) আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, নিম্নরূপ কার্যাদি সম্পাদন করিবে, যথা:—

(ক) সরকার কর্তৃক প্রণীত জাতীয় যোগ্যতা কাঠামো (National Qualification Framework) অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সক্ষমতা যাচাই;

(খ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সক্ষমতা যাচাইয়ের লক্ষ্যে সক্ষমতা যাচাই গাইডলাইন ও সক্ষমতা যাচাই উপকরণ (Assessment Tools) প্রণয়ন;

(গ) যাচাই প্রক্রিয়ায় কৃতকার্য প্রার্থীকে স্তরভিত্তিক দক্ষতা সনদ প্রদান;

(ঘ) যাচাই প্রক্রিয়ায় অংশবিশেষ অকৃতকার্য প্রার্থীকে স্টেটমেন্ট অব অ্যাচিভমেন্ট প্রদান এবং পুনরায় যাচাই প্রক্রিয়ায় অংশগ্রহণের পর কৃতকার্যদের দক্ষতা সনদ প্রদান; এবং

(ঙ) সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত ম্যানুয়াল প্রণয়ন।

(৩) বোর্ড, আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ঞ) এর উদ্দেশ্য পূরণকল্পে, শিল্প দক্ষতা পরিষদের সহযোগিতায় সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন পাঠক্রম প্রস্তুতসহ নিম্নরূপ কার্যাদি সম্পাদন করিবে, যথা :—

(ক) ম্যানুয়ালে বর্ণিত পদ্ধতি অনুযায়ী সক্ষমতাভিত্তিক মানদণ্ড প্রণয়ন; এবং

(খ) সময় সময়, ম্যানুয়াল পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন বা সংশোধন।

৫। **পূর্ববর্তী শিখন এর অভিজ্ঞতার স্বীকৃতি।**—(১) আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ছ) এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রাতিষ্ঠানিক বা অপ্রাতিষ্ঠানিকভাবে অর্জিত কোনো কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও দক্ষতা বা জ্ঞানের পূর্ববর্তী শিখন এর স্বীকৃতি (Recognition of Prior Learning) সনদায়নের দায়িত্ব ও ক্ষমতা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

(২) বোর্ড, শিল্প বা সেবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত কর্মী, বিদেশ ফেরত শ্রমিক বা কর্মী এবং, অনানুষ্ঠানিকভাবে দক্ষ কর্মীর পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের নিমিত্ত সক্ষমতা যাচাই এর ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি গ্রহণে ইচ্ছুক কর্মীদের প্রাকযোগ্যতা যাচাইয়ের এখতিয়ার যাচাই কেন্দ্রসমূহের উপর ন্যস্ত থাকিবে।

(৪) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে নিয়মিত প্রশিক্ষণার্থীদের অনুরূপ পদ্ধতিতে যাচাই এবং পুনরায় যাচাই প্রক্রিয়ায় কৃতকার্য প্রার্থীকে স্তরভিত্তিক দক্ষতা সনদ প্রদানের এখতিয়ার বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

(৫) যাচাই প্রক্রিয়ায় অংশবিশেষ কৃতকার্য প্রার্থীকে স্টেটমেন্ট অব অ্যাচিভমেন্ট প্রদান এবং পুনরায় যাচাই প্রক্রিয়ায় অংশগ্রহণের পর কৃতকার্যদের দক্ষতা সনদ প্রদানের এখতিয়ার বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

৬। **তথ্য ব্যবস্থাপনা, তথ্যভাণ্ডার প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ।**—(১) বোর্ড, আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (জ) ও (ঝ) এর উদ্দেশ্য পূরণকল্পে, খাতভিত্তিক দক্ষতার তথ্যভাণ্ডার প্রতিষ্ঠা, হালনাগাদকরণ ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত নিম্নরূপ কার্যাদি সম্পাদন করিবে, যথা :—

(ক) শিল্প দক্ষতা পরিষদ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনসহ বাণিজ্য সংগঠনসমূহের নিকট হইতে প্রাপ্ত তথ্য তথ্যভাণ্ডারে সংযুক্তকরণ;

(খ) আন্তর্জাতিক বা বহুজাতিক নিয়োগকারী প্রতিষ্ঠান, শ্রমবাজারের পূর্বাভাস বিশ্লেষণ, বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, উপানুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক খাতের তথ্য সংগ্রহ এবং উক্ত তথ্যসমূহ তথ্যভাণ্ডারে সংযুক্তকরণ;

(গ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও সরকারের বিভিন্ন দপ্তরের গবেষণা কার্যক্রম হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দক্ষতা চাহিদার উপাত্ত সংগ্রহ ও তথ্যভাণ্ডারে সংযুক্তকরণ;

(ঘ) সরকারি ও বেসরকারি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারীদের তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি চালুকরণ ও রক্ষণাবেক্ষণ;

(ঙ) শিল্প দক্ষতা পরিষদের মাধ্যমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের চাহিদা সংক্রান্ত তথ্য সংগ্রহ ও সংরক্ষণ;

(চ) বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি চালুকরণ ও রক্ষণাবেক্ষণ; এবং

(ছ) সময় সময়, তথ্যভাণ্ডার পরিমার্জন ও হালনাগাদকরণ।

(২) বোর্ড, ইহার তথ্যভাণ্ডার সমৃদ্ধকরণ ও হালনাগাদকরণের নিমিত্ত ব্যানবেইস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বিদেশস্থ বাংলাদেশ মিশন এবং এতৎসংশ্লিষ্ট আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সহিত যথাযথ প্রক্রিয়ায় দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে তথ্য আদান প্রদান করিতে পারিবে।

৭। **শিক্ষা, প্রশিক্ষণ চাহিদা নিরূপণ।**—(১) বোর্ড, আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ট) এর উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর আওতার যোগ্যতা মানদণ্ড নির্ধারণকল্পে নিম্নরূপ কার্যাদি সম্পাদন করিবে, যথা :—

(ক) শিল্প দক্ষতা পরিষদের সহায়তায় খাতভিত্তিক পেশার চাহিদা সংগ্রহ;

(খ) শ্রম বাজারের চাহিদা পূরণের লক্ষ্যে শিক্ষা ও প্রশিক্ষণের শ্রেণিবিন্যাস;

(গ) শ্রেণিবিন্যাসকৃত তথ্য বিশ্লেষণের মাধ্যমে শিক্ষা ও প্রশিক্ষণ চাহিদা নিরূপণ; এবং

(ঘ) শিক্ষা ও প্রশিক্ষণ চাহিদার আলোকে পেশার মানদণ্ড নির্ধারণ।

(২) বোর্ড, প্রয়োজনে, শিক্ষা ও প্রশিক্ষণ চাহিদা নিরূপণের উদ্দেশ্যে অন্যান্য উৎস হইতে তথ্য সংগ্রহ করিতে পারিবে।

৮। **চুক্তি ও সমঝোতা স্মারক সম্পাদন।**—(১) বোর্ড, আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এর দফা (ড) এর উদ্দেশ্য পূরণকল্পে, দেশি ও বিদেশি কোনো সংস্থা ও প্রতিষ্ঠানের সহিত চুক্তি ও সমঝোতা স্মারক সম্পাদন করিতে পারিবে।

(২) বোর্ড, উপ-বিধি (১) এর অধীন চুক্তি বা সমঝোতা স্মারক স্বাক্ষরের পূর্বে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিবে।

(৩) বোর্ড, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের সংগঠন, পরিচালনা, তদারকি, নিয়ন্ত্রণ, উন্নয়ন, গবেষণা পরিচালনা ও গুণগত মানোন্নয়নের জন্য, যেরূপ প্রয়োজনীয় মনে করিবে সেইরূপ কার্য ও বিষয়াদি সম্পাদন করিতে পারিবে।

৯। **কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, ইত্যাদি।**—(১) আইনের ধারা ৯ এর উদ্দেশ্য পূরণকল্পে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্বীকৃতি, স্বীকৃতি নবায়ন, স্বীকৃতি স্থগিত বা বাতিলের ক্ষমতা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো কার্যসম্পাদনের ক্ষেত্রে, বোর্ড নিম্নবর্ণিত কার্যধারা অনুসরণ করিবে, যথা :—

(ক) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কোর্স পরিচালনা করিতে আগ্রহী প্রতিষ্ঠানকে এতদুদ্দেশ্যে নির্ধারিত ফি প্রদানপূর্বক, নির্ধারিত ফরমে, বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;

(খ) বোর্ড, দফা (ক) এর অধীন আবেদনপ্রাপ্তির পর উক্ত প্রতিষ্ঠান পরিদর্শন করিবে এবং যথাযথ বিবেচিত হইলে উক্ত প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করিবে এবং অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে;

(গ) বিদেশে অবস্থিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুসরণীয় হইবে;

(ঘ) বিদেশে অবস্থিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদানের ক্ষেত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণীয় হইবে;

(ঙ) প্রদত্ত স্বীকৃতি সনদের মেয়াদ, বোর্ড কর্তৃক, নির্ধারিত সময় পর্যন্ত বলবৎ থাকিবে;

(চ) স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে কোনো স্বীকৃত প্রতিষ্ঠানকে স্বীকৃতি নবায়নের জন্য নির্ধারিত ফি প্রদানপূর্বক, নির্ধারিত ফরমে, বোর্ডের নিকট, আবেদন করিতে হইবে;

(ছ) স্বীকৃতি নবায়নের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনক হইলে, বোর্ড, স্বীকৃতি নবায়ন করিবে, অন্যথায় স্বীকৃতি নবায়নের আবেদন নামঞ্জুর বলিয়া বিবেচিত হইবে;

(জ) বোর্ড কর্তৃক নির্ধারিত শর্ত ভঙ্গ করিলে বা প্রশিক্ষণ উপযোগী যন্ত্রপাতি বা ভৌত সুবিধা বিদ্যমান না থাকিলে বোর্ড কোনো প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত স্বীকৃতি বাতিল করিতে পারিবে;

(ঝ) বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের নিকট পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ড উহা নিষ্পত্তি করিবে।

(৩) বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবেন এবং উক্ত আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিবে।

১০। **সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনা প্রতিষ্ঠানের নিবন্ধন**।—(১) আইনের ধারা ৯ এর উদ্দেশ্য পূরণকল্পে, সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও সক্ষমতা যাচাই প্রতিষ্ঠানের স্বীকৃতি, স্বীকৃতি নবায়ন, স্বীকৃতি স্থগিত বা বাতিলের ক্ষমতা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

(২) বোর্ড, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বা সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠানের স্বীকৃতি, স্বীকৃতি নবায়ন, স্বীকৃতি স্থগিত বা বাতিল বিষয়ে নিম্নবর্ণিত কার্যধারা অনুসরণ করিবে, যথা :—

(ক) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ কোর্স পরিচালনা করিতে আগ্রহী প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক প্রণীত ম্যানুয়াল অনুযায়ী নির্ধারিত ফি প্রদানপূর্বক বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;

(খ) বোর্ড, দফা (ক) এর অধীন আবেদনপ্রাপ্তির পর উক্ত প্রতিষ্ঠান পরিদর্শন করিবে এবং পরিদর্শনে যথাযথ বিবেচিত হইলে ম্যানুয়ালে বর্ণিত সময় সীমার মধ্যে উক্ত প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করিতে পারিবে, বা আবেদন যথাযথ বিবেচিত না হইলে বাতিল করিতে পারিবে;

(গ) বিদেশে অবস্থিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে ম্যানুয়ালের বিধান অনুসরণীয় হইবে;

(ঘ) প্রদত্ত স্বীকৃতি সনদের মেয়াদ, বোর্ড কর্তৃক, নির্ধারিত সময় পর্যন্ত বলবৎ থাকিবে;

(ঙ) কোনো স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা নিবন্ধিত সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠানকে স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের জন্য ম্যানুয়াল অনুযায়ী নির্ধারিত ফি প্রদানপূর্বক বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;

(চ) বোর্ড, স্বীকৃতি নবায়নের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের মান সন্তোষজনক বিবেচিত হইলে স্বীকৃতি নবায়ন করিবে, অন্যথায় স্বীকৃতি নবায়নের আবেদন নামঞ্জুর করিবে;

(ছ) কোনো স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা নিবন্ধিত সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠান স্বীকৃতির সময়, বোর্ড কর্তৃক, নির্ধারিত শর্তভঙ্গ করিলে বা প্রশিক্ষণ উপযোগী যন্ত্রপাতি বা ভৌত সুবিধাদি বিদ্যমান না থাকিলে, বোর্ড, উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত স্বীকৃতি বাতিল করিতে পারিবে;

(জ) বোর্ডের কার্যক্রম দ্বারা সংক্ষুব্ধ সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের নিকট পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে এবং আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পুনর্বিবেচনার আবেদন নিষ্পত্তি করিতে হইবে।

(৩) বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবেন এবং উক্ত আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

**ব্যাখ্যা**।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, "নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠান" বলিতে বোর্ড কর্তৃক নিবন্ধিত কোনো Registered Training Organization (RTO) বা Registered Assessment Centre কে বুঝাইবে।

১১। **স্বীকৃতি, নিবন্ধন বাতিল, ইত্যাদি।**—(১) স্বীকৃতি বা নিবন্ধন বাতিলের ক্ষেত্রে বোর্ড কর্তৃক নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে, যথা :—

(ক) কোনো স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা নিবন্ধিত সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিধি-বিধান বা স্বীকৃতি বা নিবন্ধনের কোনো শর্ত লঙ্ঘন করিলে বা প্রশিক্ষণ উপযোগী যন্ত্রপাতি বা ভৌত সুবিধা বিদ্যমান না থাকিলে কেন স্বীকৃতি বা, ক্ষেত্রমত, নিবন্ধন বাতিল করা হইবে না তৎসম্পর্কে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বরাবর কারণ দর্শানো নোটিশ প্রদান করিবে;

(খ) দফা (ক) এর অধীন নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বোর্ডের নিকট কারণ দর্শাইতে হইবে;

(গ) দফা (খ) তে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান জবাব দাখিল না করিলে বা দাখিলকৃত জবাব বোর্ডের নিকট সন্তোষজনক মর্মে বিবেচিত না হইলে, বোর্ড স্বীকৃতি বা, ক্ষেত্রমত, নিবন্ধন বাতিল করিতে পারিবে;

(ঘ) দফা (খ) এর অধীন প্রাপ্ত জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হইলে, বোর্ড, উক্ত প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর দায় হইতে অব্যাহতি প্রদান করিবে;

(ঙ) বোর্ডের আদেশ দ্বারা সংক্ষুব্ধ প্রতিষ্ঠান বোর্ডের নিকট আবেদন করিতে পারিবে এবং বোর্ড আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিবে;

(চ) কোনো স্বীকৃত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা নিবন্ধিত সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা সক্ষমতা যাচাই প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট বিধি-বিধান বা স্বীকৃতি বা নিবন্ধনের কোনো শর্ত লঙ্ঘনের তথ্য গোচরীভূত হইলে বা প্রশিক্ষণ উপযোগী যন্ত্রপাতি বা ভৌত সুবিধাদি বিদ্যমান বা সচল না থাকার তথ্য গোচরীভূত হইলে, বোর্ড, উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম স্থগিত করিতে পারিবে;

(ছ) কোনো প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম স্থগিত করা হইলে বোর্ড দফা (ক) হইতে দফা (ঘ) তে বর্ণিত বিধান অনুসরণক্রমে বিষয়টি নিষ্পত্তি করিবে; এবং

(জ) দফা (ক) এর অধীন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে Code of Civil Procedure, 1908 এর Order 5 এর rule 1 হইতে rule 30 অনুসরণক্রমে নোটিশ জারি করিতে হইবে বা আবেদনকারীর ই-মেইল ঠিকানায় নোটিশ প্রেরণ করা হইলে উহা যথাযথভাবে জারি হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবেন এবং উক্ত আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

১২। **বৈদেশিক শিক্ষা ও প্রশিক্ষণ সনদের স্থানীয় সমতুল্যকরণ (Equivalence of Certificate)।**—বৈদেশিক শিক্ষা ও প্রশিক্ষণ সনদের স্থানীয় সমতুল্যকরণের ক্ষেত্রে আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ঝ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, নিম্নরূপ কার্যধারা গ্রহণ করিবে, যথা :—

(ক) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ বিষয়ে কোনো ব্যক্তি বৈদেশিক শিক্ষা ও প্রশিক্ষণ সনদের স্থানীয় সমতুল্য (equivalence) মান নির্ধারণ করিবে;

(খ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ বিষয়ে কোনো ব্যক্তি বৈদেশিক শিক্ষা ও প্রশিক্ষণ সনদের স্থানীয় সমতুল্যকরণের জন্য আগ্রহী হইলে তাহাকে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান করিয়া বোর্ডের নিকট আবেদন করিতে হইবে; এবং

(গ) বোর্ড, আবেদন প্রাপ্তির পর সমতুল্যতা প্রোগ্রাম কমিটির সুপারিশের আলোকে উহা নিষ্পত্তি করিবে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "সমতুল্যতা প্রোগ্রাম কমিটি" বলিতে আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ঝ) তে বর্ণিত কমিটিকে বুঝাইবে।

১৩। **চেয়ারম্যানের নিয়োগ ও মেয়াদ।**—(১) সরকার, প্রজ্ঞাপন দ্বারা, আইনের ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে, তৎকর্তৃক নির্ধারিত শর্তে ও পদ্ধতিতে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন সরকারি কারিগরি প্রতিষ্ঠানে কর্মরত চতুর্থ গ্রেডের নিম্নে নহে এইরূপ একাডেমিক ও প্রশাসনিক কর্মে অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে ১ (এক) জনকে বোর্ডের চেয়ারম্যান নিয়োগ করিবে।

(২) সরকার, যে কোনো সময়, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, চেয়ারম্যানকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৩) চেয়ারম্যান, যে কোনো সময়, সরকারের উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্ত পদ হইতে পদত্যাগ করিতে পারিবেন, তবে সরকার কর্তৃক পদত্যাগপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকিবেন।

(৪) চেয়ারম্যান, পদাধিকারবলে, আইনের ধারা ১৫ এর অধীন গঠিত এবং গঠিতব্য কমিটিসমূহের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন।

১৪। **সচিব নিয়োগ।**—আইনের ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, অন্যূন উপসচিব পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তাকে প্রেষণে বোর্ডের সচিব হিসাবে নিয়োগ করিবে।

১৫। **পরামর্শক নিয়োগ।**—(১) বোর্ড, আইনের ধারা ১৬ এর উদ্দেশ্য পূরণকল্পে, পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে, বিশেষ জ্ঞান ও দক্ষতা প্রয়োজন হয় এইরূপ কোনো কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পরামর্শক বা বিশেষজ্ঞ নিয়োগ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন নিযুক্ত পরামর্শক বা বিশেষজ্ঞ নিযুক্তির মেয়াদ, দায়িত্ব ও নিয়োগের শর্তাবলি পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হইবে এবং উহা বোর্ড ও নিযুক্ত পরামর্শক বা বিশেষজ্ঞের সহিত সম্পাদিত চুক্তির অংশ হিসাবে গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন নিযুক্ত পরামর্শক বা বিশেষজ্ঞ উপ-বিধি (২) এ উল্লিখিত চুক্তির শর্তাবলি অনুযায়ী দায়িত্ব পালন করিবেন এবং সে মোতাবেক পারিশ্রমিক প্রাপ্ত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসানা রহমান**

উপসচিব (কারিগরি-৩)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd